“মানুষের মাঝে সবচেয়ে খারাপ চোর হলো যে তার সালাতে চুরি করে”। তিনি বলেন, সালাতে কিভাবে চুরি করে? তিনি বললেন, “সে তার রুকু ও সাজদাহ পূর্ণ করে না”।

আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “মানুষের মাঝে সবচেয়ে খারাপ চোর হলো যে তার সালাতে
চুরি করে”। তিনি বলেন, সালাতে কিভাবে চুরি করে? তিনি বললেন, “সে তার রুকু ও সাজদাহ
পূর্ণ করে না”।
[সহীহ] [ইবনু হিব্বান এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন, চোরের মাঝে সবচেয়ে খারাপ চোর যে তার সালাতে চুরি করে। কারণ, চোর অপরের সম্পদ চুরি করে দুনিয়াতে কখনো উপকৃত হয়। এই চোর তার বিপরীত, কারণ সে নিজের হক সাওয়াব ও বিনিময়কে চুরি করেছে। তারা বলল, হে আল্লাহর রাসূল, কিভাবে সালাতে চুরি করে? বললেন, সে রুকু ও সাজদাহ পূর্ণ করে না। যেমন রুকু ও সাজদা দ্রুত করে তা পূর্ণভাবে আদায় করে না।

http://sunnah.global/hadeeth/bn/show/65100